জীবননগরে ডিজিটাল দিবস ২০২০ উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত

জীবননগরে ডিজিটাল দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও তথ্যপ্রযুক্তি অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে ডিজিটাল দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান প্রমুখ।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে জীবননগরে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে জীবননগরে সরকারি কর্মকর্তা কর্মচারীদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাংচুরের প্রতিবাদে জীবননগর শহরের মেইন বাসষ্ট্রান্ড চক্তরে উপজেলার সকল সরকারি কর্মকর্তা কর্মচারীদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম

লিংকন, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু, উপজেলা সমবায় অফিসার মতেহার হোসেন, মৎস্য অফিসার ফরহাদুর রহমানসহ উপজেলার সকল সরকারি কর্মকর্তা কর্মচারীগন উপস্থিত ছিলেন।

জীবননগরে বেগম রোকেয়া দিবসে ৫ জয়িতাকে সংবর্ধনা

জীবননগরে আন্তজার্তিক নারী নির্যাতন প্রতিরোধ উদযাপন উপলক্ষ্যে মানববন্ধন ও জয়িতার সংবর্ধনা প্রদান করা হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তার আয়োজনে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে উপজেলা পরিষদের হলরুমে আন্তজার্তিক নারী নির্যাতন প্রতিরোধ উদযাপন উপলক্ষে একটি আলোচনা সভা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলার ৫জন জয়িতাদের মাঝে সংবর্ধনা স্বরুপ ক্রেস্ট প্রদান করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী।

উপজেলার ৫জন জয়িতারা হলেন মনোহরপুর গ্রামের সফল জননী মুসলিমা বেগন, নির্যাতনের বিভীষিকা মুছে নতুন উদ্যোমে জীবন শুরু করেছেন কাটাপোল গ্রামের রুবিনা খাতুন, সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখায় সন্তোষপুর গ্রামের মরিয়ম খাতুন, অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী সেনেরহুদা গ্রামের জয়নব বেগম এবং শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সফলতা অর্জনকারী মনোহরপুর গ্রামের কাজল রেখাকে জয়িতা ঘোষনা করা হয়।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

জীবননগরে মাস্ক পরিধান না করায় ৪জনের জরিমানা

জীবননগরে স্বাস্থ্যবিধি না মানা ও মাস্ক পরিধান না করার অপরাধে ভ্রাম্যমাণ আদালতে ৪ জনকে জরিমানা প্রদান করেছে।

মঙ্গলবার দুপুর দুইটার সময় জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহি অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এসএম মুনিম লিংকন জীবননগর উপজেলার হাসাদাহ বাজারে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় স্বাস্থ্য বিধি না মেনে বাজারে আসার অপরাধে এবং মাস্ক পরিধান না করার অপরাধে চারজনকে ১ হাজার ৩ শত টাকা জরিমানা প্রদান করে এবং সাধারণ জনগণের মধ্যে বিনামূল্যে মাস্ক বিতরণ করেন।

একই সাথে তিনি বাজারের সকলকে সতর্ক করা সহ স্বাস্থ্যবিধি মানার জন্য সবাইকে নির্দেশ প্রদান করেন পাশাপাশি যদি কেউ এ আদেশ অমান্য করেন তাহলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানান।

হাসাদাহে এল.জি.এস.পি’র ফ্লাটসলিং কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলা ৫নং হাসাদাহ ইউনিয়নের ৬নং ওয়ার্ডে শ্রী-নিতাই চন্দ্র সেনের বাড়ি হইতে কালিমন্দির পযর্ন্ত নতুন ফ্লাটসলিং কাজের রাস্তার কাজের উদ্বোধন করা হয়েছে।

২০১৯-২০ অর্র্থ বছরের এল.জি.এস.পি’র বরাদ্ধ কৃত ৮৩ হাজার টাকা ব্যয়ে ১৯০ ফিট রাস্তা নির্মান করা হবে।

এ সময় উপস্থিত ছিলেন অত্র ইউনিয়নের ৬নং ওয়ার্ড সদস্য কবির আহম্মেদ ৮নং ইউপি আব্দুল মোতালেব সহ আরো উপস্থিত ছিলেন স্থানীয় সুধী জন।

এই রাস্তাটি নির্মানে এলাকার সকলের চলাচলের অনেক উপকার হবে বলে সন্তষ প্রকাশ করেন এর জন্য স্থানীয় হাসাদাহ ইউপি চেয়ারম্যান সহ ইউপি সদস্য কবির আহাম্মেদকে আন্তরিক ভাবে ধন্যবাদ জানান।

জীবননগরে ২ কেজি গাঁজাসহ দুই জন আটক

জীবননগরে ২ কেজি গাঁজাসহ দুই জনকে আটক করা হয়েছে।

গতকাল শনিবার দুপুরে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)সাইফুল ইসলামের নির্দেশে জীবননগর থানার একটি টিম জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের মোক্তারপুর গ্রামের আলেকের বাড়িতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ২ কেজি গাঁজা, গাঁজা বিক্রির নগদ ১৮হাজার টাকাসহ গাঁজা ব্যবসায়ী মাধবখালী গ্রামের মৃত বাকের আলীর ছেলে মোহাম্মদ রহমান (৪৮) এবং মোক্তারপুর গ্রামের আক্কেল আলীর স্ত্রী খদেজা খাতুনকে (৪৫) আটক করে ।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

জীবননগরে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগরে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।গতকাল শনিবার বিকাল সাড়ে ৩টার সময় এ টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির আয়োজনে শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ, কে.ডি.কে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলু, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি মুন্সী নাসির উদ্দিন প্রমুখ।

জীবননগরে রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগর স্টেডিয়াম পাড়া রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার রাত সাড়ে ৭টার সময় জীবননগর স্টেডিয়াম পাড়া প্রবীণ সংঘের আয়োজনে স্টেডিয়াম মাঠে এ খেলার উদ্বোধন করা হয়।

রফিকুল ইসলাম পচার সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)সাইফুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৩ নং ওর্য়াড কাউন্সিলার আতিয়ার

রহমান, মহিলা কাউন্সিলার বিউটি খাতুন, শাহ আলম শরিফুল ইসলাম ছোট বাবু, নাসির উদ্দিন প্রমুখ।

জীবননগরে জমি নিয়ে সংঘর্ষে ৬ জন আহত

জীবননগরে জমি নিয়ে বিরোধে কলেজছাত্রীসহ দুই পরিবারের ৬ জন গুরুতর আহত হয়েছে। গতকাল রবিবার দুপুর ১ টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের বেনীপুরে এ ঘটনা ঘটে।

জানা গেছে, বেনীপুর গ্রামের হাফিজুল এবং খোকনের সাথে জমি নিয়ে দীর্ঘদিন বিরোধ চলছে। এই বিরোধকে কেন্দ্র করে দুই পরিবারের সদস্যদের মধ্যে হাতা-হাতি হয় । এক পর্যায়ে হাফিজুর খোকনের কলেজ পড়ুয়া মেয়েকে মারধর করে এবং জোরপূর্বক হাতে কামড়ে দেয়।

খোকন প্রতিবাদ করলে দুই পরিবারের মধ্যে শুরু হয় রক্তক্ষয়ী সংঘর্ষ, যাতে গুরুতর আহত হয় খোকন, খোকনের ছেলে আবির, হাফিজুল, রেকসোনা ও হাজেরা । এ সময় স্থানীয় জনগণ তাদের উদ্ধার করে চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন ।

আহত খোকন অভিযোগ করে বলেন, হাফিজুর ভারত থেকে তারকাটা কেটে গরু নিয়ে আসতো। সে প্রায় রাতে আমাদের জমিতে গরু এনে বেঁধে রাখতো । আমি নিষেধ করায় আমাকে না পেয়ে সে আমার মেয়েকে মারধর করে । আমরা প্রতিবাদ করায় আমার ছেলেকেও মারধর করে ।

আহত হাফিজুর বলেন, আমার বিরুদ্ধে যে অভিযোগ করেছে তা সঠিক না। তারা আমাকে এবং আমার বোনদের মেরে রক্তাক্ত করেছে।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু বলেন, দুই পক্ষের সবাই হাসপাতালে রক্তাক্ত অবস্থায় আসলে তাদের সবার চিকিৎসা দেওয়া হয়েছে, সবাই আশঙ্কা মুক্ত।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন,

বেনীপুর গ্রামে জমি বিরোধকে কেন্দ্র করে মারামারির ঘটনায় দুই পক্ষ থানায় অভিযোগ করেছে । বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগরে ক্লিন-গ্রিন মডেল হসপিটাল কর্মসূচির উদ্বোধন

জীবননগরে স্বেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে তালহা ফাউন্ডেশন এবং এবলুম বাংলার সহযোগিতায় ক্লিন-গ্রিন মডেল হসপিটাল কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০ টার সময় জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। জীবননগর শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এ কর্মসূচির উদ্বোধন করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা ডাঃ জুলিয়েট পারউইন।

এ সময় হাসপাতালের আগাছা পরিষ্কার ও হাসপাতালে বৈদ্যুতিক ব্যবস্থা করা হয়। সাধারণ মানুষকে সচেতন করার জন্য হাসপাতালের বিভিন্ন স্থানে স্টিকার লাগানো, হাসপাতালের সৌন্দর্য বৃদ্ধি করার জন্য ফুলের বাগান এবং হাসপাতালের মধ্যে পরিত্যাক্ত জমিতে ফলজ,বনজ গাছের চারা রোপণসহ পাখিদের নিরাপদ বাসস্থানের ব্যবস্থা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের (আরএমও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু, ডাঃ আফিন্দা রাজ্জাক, শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজান , সদস্য হোসেন মিয়াসহ শিকড় সমাজ কল্যাণ সংস্থা জীবননগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক লাবনী খাতুন, সদস্য এ আর ডাবলু, মফিজুল ইসলাম, ঐশ্বর্য সাহা, রিয়াজ, রমজান, ওমর ফারুক, জাহিদ, মিম, সাদিয়া, শাকিল হোসেন,

নিশান প্রমুখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জীবননগর উপজেলা শাখার সভাপতি তুহিনুজ্জামান।